# মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৩নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ ৩নং ওয়ার্ড কাউন্সিলরের বাসভবন, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ ঃ বিকাল ৩.০০ ঘটিকা , ২৮/০২/২০২২ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার শুরুতে সদস্য জনাব,মিজানুর রহমান পাঞ্জাবের মৃত্যুতে শোক প্রস্তাব পাস করে কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

**আলোচ্যসূচীঃ**

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। রাস্তা ও ড্রেন নির্মান করন প্রসংগে।

৩। অবকাঠামো উন্নয়ন প্রসংগে।

৪। বিবিধ।

| ক্রঃনং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন | সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন। | TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্তগৃহীত হয়। | সচিব |
| ০২ | রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসংগে। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন ৩নং ওয়ার্ডের নিম্নোক্ত রাস্তা ও ড্রেন না থাকায় দীর্ঘদিন যাবৎ যানবাহন সহ স্বাভাবিক চলাচলে বিঘ্ন ঘটছে। রাস্তাগুলি জনস্বার্থে জরুরীভাবে করা প্রয়োজন, এবং বিশেষভাবে বর্ষার সময় জলাবদ্ধতার সৃষ্টি হয় ও বাড়ির ব্যবহৃত পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় এলাকাবাসী চরম দূর্ভোগের সৃষ্টি হয়। এ পর্যন্ত কোন প্রকল্পের নিম্নোক্ত রাস্তাগুলি কোন উন্নয়নমূক কাজ করা হয়নি। সেপ্রেক্ষিতে আগত বর্ষা মৌসুমের পূর্বেই রাস্তা ও ড্রেন গুলি নির্মান করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষন করে। প্রকল্পের নামঃ | ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়। | সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রাস্তাঃ (১) পাঞ্জাবের বাড়ি হতে এনামুলের বাড়ি পর্যন্ত বিসি রাস্তা। (২) তাঁতী পাড়া রেজাউলে মোড় হতে মাহাতাব খানের বাড়ি ভায়া ইসমাইল প্রফেসারের এর বাড়ি পর্যন্ত বিসি রাস্তা। (৩) তাঁতী পাড়া এনামুলের দোকান হতে কাসেদ এর বাড়ি ভায়া তাঁতীপাড়া মসজিদ পর্যন্ত বিসি রাস্তা। | | |
| ০৩ | অবকাঠামো উন্নয়ন প্রসংগে। | আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব মোঃ বক্কার আলী বলেন ৩নং ওয়ার্ডের তাঁতীপাড়ার রাস্তাটির অবস্থা খুবই জরাজীর্ণ। একটু পানি হলেই উক্ত রাস্তা দিয়ে যাতায়াত করা খুবই কষ্টস্বাধ্যে। তাছাড়া ড্রেনগুলি জরুরীভাবে নির্মানের জন্য সুপারিশ করেন। সদস্য জনাব ডঃ কাশেম বলেন যে, বেড়পাড়া এলাকায় কিছু সড়ক বাতির ব্যবস্থা করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান। | পৌর ফান্ড এবং প্রজেক্টপ্রাপ্তিসাপেক্ষে পর্যায়ক্রমেকাজগুলি সমাধানের সুপারিশ করা হয়। | মেয়র |
| ০৪ | বিবিধ | আলোচনায় সদস্য সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরন করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে। | | |

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৪/২০২২

(সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী)
সভাপতি(WLCC)
ও
৩নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

# মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ২৮/০২/২০২২, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্য গনের ও স্বাক্ষর -

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাবা- মোছাঃ আল্পনা খাতুন | কাউন্সিলর, সহ-সভাপতি মেহেরপুর পৌরসভা। | [illegible] |
| ২ | জনাব মোঃ আমিরুল ইসলাম | তাঁতীপাড়া, মেহেরপুর। | |
| ৩ | জনাবা-মোছাঃ নাসিমা খাতুন | প্রাক্তন কমিশনার, মেহেরপুর। | [illegible] |
| ৪ | জনাব মোঃ বাক্কার আলী | তাঁতী পাড়া, মেহেরপুর। | [illegible] |
| ৫ | জনাবা- মোঃ আজিবুর রহমান | তাঁতী পাড়া, মেহেরপুর। | |
| ৬ | জনাবা মোঃ ইনসান মন্ডল | বেড়পাড়া, মেহেরপুর। | [illegible] |
| ৭ | জনাব- ডাঃ কাশেম | বেড়পাড়া, মেহেরপুর। | [illegible] |
| ৮ | জনাব- মোছাঃ ফুলকি খাতুন | তাঁতীপাড়া, মেহেরপুর। | [illegible] |
| ৯ | জনাব আবু-হেনা মোস্তাফা কামাল | সহকারী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা | [illegible] 28/2/22 |
| ১০ | জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি | কাউন্সিলরও সভাপতি, মেহেরপুর পৌরসভা | [illegible] |